

## ফরেস্ট একাডেমী, চট্টগ্রাম

### পরিচিতি:

ফরেস্ট একাডেমী, চট্টগ্রাম ১৯৬৩ সনের ৩১ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়। চট্টগ্রাম মহানগরীর পূর্ব নাছিরাবাদ শিল্প এলাকায় ১১.১২ একর পাহাড়ী ভূমিতে ফরেস্ট একাডেমী, চট্টগ্রাম অবস্থিত। পূর্বে এ প্রতিষ্ঠানটি বাংলাদেশ বন মহাবিদ্যালয় নামে পরিচিত ছিল।



ফরেস্ট একাডেমী,

### উদ্দেশ্য:

বন বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বন ব্যবস্থাপনায় দক্ষ মানব সম্পদ গড়ে তুলে বনজ সম্পদ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে এ প্রতিষ্ঠানটি স্থাপন করা হয়।

### সাংগঠনিক কাঠামো:

ফরেস্ট একাডেমী, চট্টগ্রাম এর কার্যক্রম চালানোর জন্য অনুমোদিত সর্বমোট ৫১টি পদ আছে। তন্মধ্যে পরিচালক (বন সংরক্ষক) একজন ও উপ বন সংরক্ষক একজনসহ মোট ২৬ জন কর্মকর্তা কর্মচারী কর্মরত আছেন।

### কর্মকাল:

- (ক) উপ বন সংরক্ষক/বিভাগীয় বন কর্মকর্তাগণকে আধুনিক বন প্রশাসন সম্পর্কে উচ্চতর প্রশিক্ষণ প্রদান।
- (খ) বিসিএস(বন) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত সহকারী বন সংরক্ষকগণের ফরেস্ট্রিতে মাস্টার ডিগ্রী প্রদান।
- (গ) সহকারী বন সংরক্ষক ও ফরেস্ট রেঞ্জারগণকে ওরিয়েন্টেশন এবং রিফ্রেশার্স কোর্সে প্রশিক্ষণ প্রদান।
- (ঘ) বন, পরিবেশ ও বন্যপ্রাণী সম্পর্কীয় সেমিনার/ওয়ার্কশপের আয়োজন করা।



সহকারী বন সংরক্ষকগণের



১৯৬৫ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত বিভিন্ন পর্যায়ের ৩৭৬ জন বন কর্মকর্তাকে ফরেস্ট্রিতে মাস্টার্স, বিএসসি (পাশা) ইন ফরেস্ট্রি ও ডিপ্লোমা ইন ফরেস্ট্রি ডিগ্রী এবং ৩৬৯৬ জনকে স্বল্প

ফরেস্ট একাডেমী, চট্টগ্রাম থেকে প্রশিক্ষণপ্রাপ্ত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের বিবরণ নিম্নের ছকে প্রদান করা হলোঃ

| ক্রমিক<br>নং                       | কোর্সের নাম  | প্রশিক্ষার্থী |
|------------------------------------|--|---------------|
| ১।                                 | এম.এসসি ইন ফরেস্ট্রি   | ২৯ জন         |
| ২।                                 | মাস্টার অফ ফরেস্ট্রি   | ৩০ জন         |
| ৩।                                 | বি.এসসি (পাশ) ইন ফরেস্ট্রি   | ১৫১ জন        |
| ৪।                                 | ডিপ্লোমা ইন ফরেস্ট্রি  | ১৬৬ জন        |
| ৫।                                 | স্বল্পকালীন কোর্স<br>(Orientation Course for ACFs, Basic Forestry Course for Forest Ranger, সার্ভে এন্ড স্যাটেলাইট, বন মামলা পরিচালনা, সামাজিক বনায়ন, ওয়াটারসেড, জলবায়ু ও প্রতিবেশ ইত্যাদি) | ৩৬৯৬ জন       |
| (ডিসেম্বর, ২০২৪ খ্রি. পর্যন্ত) মোট |  | ৪০৭২ জন       |

প্রশিক্ষার্থীদের জন্য অফিসার্স ডরমেটরী, একাডেমিক ভবন, অডিটরিয়াম, খেলার মাঠ, লাইব্রেরী, ল্যাবরেটরী, মাল্টিমিডিয়া, ওভারহেড প্রজেক্টর, বৈদ্যুতিক জেনারেটর এবং নিজস্ব পরিবহন ব্যবস্থা আছে।



একাডেমীর অফিসার্স



বন একাডেমী, চট্টগ্রামের প্রবেশদ্বার

### সম্ভাবনাঃ

প্রায় ৬২ বছরের পুরনো এ ফরেস্ট একাডেমী, চট্টগ্রাম। পাকিস্তান আমলে ফরেস্ট রেঞ্জার কোর্স আরম্ভ করে বর্তমানে বিসিএস ক্যাডারের বিভিন্ন শ্রেণীর কর্মকর্তাদের দীর্ঘ মেয়াদী এবং স্বল্প মেয়াদী প্রশিক্ষণ দেয়া হয়। এ প্রশিক্ষণের ফলে বনজ সম্পদ উন্নয়ন ও রক্ষণাবেক্ষণে ইতিবাচক ফল পাওয়া যায়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে এ একাডেমী হতে প্রশিক্ষার্থীদের ফরেস্ট্রিতে মাস্টার্স, বিএসসি (পাশ) ও চট্টগ্রাম বন বিদ্যালয়ের অধীনে ডিপ্লোমা ডিগ্রী প্রদান করা হয়েছে। বন প্রশাসনে কর্মরত কর্মকর্তা পর্যায়ের ব্যক্তিদেরকে ফরেস্ট একাডেমীতে ট্রেনিং প্রদান করে যুগোপযোগী জ্ঞান বৃদ্ধির মাধ্যমে বন সম্প্রসারণ ও সংরক্ষণ এবং জীববৈচিত্র্য সংরক্ষণের ক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপ নেয়া হয়। বিভিন্ন সভা সমাবেশ ও রিফ্রেসার্স কোর্স চালু করে বর্তমানে পরিবেশ, জলবায়ু পরিবর্তন ইত্যাদির ক্ষেত্রেও সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে আধুনিক ও উদ্ভাবনী জ্ঞান প্রদান করে যুগোপযোগী করা হচ্ছে। নতুন বাংলাদেশ গড়ার ক্ষেত্রে এ একাডেমী এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।



